বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
পরিপালন বিভাগ
ফোন : ০২-২২৩৩৮২৫২৪, E-Mail : dgmcompliance@krishibank.org.bd

নং-প্রকা/পবি/বাঃব্যাঃ(বিবিধ-১)/২০২২-২০২৩/৬৭৫ তারিখঃ ০৩.০৪.২০২৩ খ্রিঃ

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা।
সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়: বাংলাদেশ ব্যাংক পরিদর্শন, বাণিজ্যিক নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিরীক্ষা সংশ্লিষ্ট আপত্তিসমূহের জবাবের গুণগত মান বৃদ্ধি ও নিষ্পত্তি ত্বরান্বিতকরণ বিষয়ক ভার্চুয়াল পর্যালোচনা সভা প্রসংগে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা'র ব্যাংক পরিদর্শন বিভাগ-২ এর পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংকের ত্রৈমাসিক সভায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিদর্শনকৃত বিকেবি'র বিভিন্ন শাখায় পরিদর্শন প্রতিবেদনে প্রাপ্ত অনিয়ম নিষ্পত্তির অগ্রগতি ও পরিদর্শন প্রতিবেদনের পরিপালন জবাব প্রেরণে দীর্ঘসূত্রিতার বিষয়সহ বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় পরিপালন/পুনঃপরিপালন কার্যক্রম আরও জোরদার করার জন্য বিকেবি'র প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়কে অধিকতর দায়িত্বশীল ভূমিকা পালনের উপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া, পরিপালন জবাবের গুণগত মান বৃদ্ধির জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরামর্শ প্রদান করা হয় এবং একই সাথে নির্দিষ্ট সময়ের মধ্যে জবাব প্রেরণ নিশ্চিত করার জন্য মনিটরিং ব্যবস্থা জোরদারকরণসহ প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের বিষয়েও পরামর্শ প্রদান করা হয়।

০৩। বাণিজ্যিক নিরীক্ষায় উত্থাপিত আপত্তিসমূহের পরিপালন জবাব সংশ্লিষ্ট কার্যালয়/বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে/যথানিয়মে প্রেরণ না করায় দিন দিন আপত্তির সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের ০৬.০২.২০২৩ খ্রিঃ তারিখের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৩২১.১৬.০০২.২২.৩১ এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২১.০৩.২০২৩ খ্রিঃ তারিখের স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২২১.০১.০০১.১৮.৩৩ এ মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনকৃত নিম্নরূপ সুপারিশটি বাস্তবায়নের বিষয়ে নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে-

> **'মন্ত্রণালয় ও বিভাগসমূহের আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে অডিট-আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ এবং অধিক সংখ্যক ত্রিপক্ষীয় সভার আয়োজন করে অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।'**

০৪। অভ্যন্তরীণ নিরীক্ষায় উত্থাপিত আপত্তিসমূহের পরিপালন জবাব সংশ্লিষ্ট কার্যালয়/বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে/যথানিয়মে প্রেরণ না করায় নিষ্পত্তিতে জটিলতা তৈরি হচ্ছে।

০৫। বাংলাদেশ ব্যাংক পরিদর্শন, বাণিজ্যিক নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নপূর্বক উত্থাপিত আপত্তিসমূহের বস্তুনিষ্ঠ ও হালনাগাদ তথ্য নির্ভর নিষ্পত্তিমূলক পরিপালন/পুনঃপরিপালন জবাব প্রমাণকসহ যথাসময়ে প্রেরণের বিষয়ে অত্র ব্যাংকের মাঠ পর্যায়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে পর্যালোচনা সভার আয়োজন করার বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অপর পৃষ্ঠায় বর্ণিত তারিখ ও সময়ে অনুষ্ঠিতব্য উক্ত পর্যালোচনা সভায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণ এবং মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয় দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করবেন ঃ

চলমান পাতা-০২

**বিষয়ঃ বাংলাদেশ ব্যাংক পরিদর্শন, বাণিজ্যিক নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিরীক্ষা সংশ্লিষ্ট আপত্তিসমূহের জবাবের গুণগত মান বৃদ্ধি ও নিষ্পত্তি ত্বরান্বিতকরণ বিষয়ক ভার্চুয়াল পর্যালোচনা সভা প্রসংগে।**

| তারিখ | সময় | অংশগ্রহণকারী | আলোচ্যসূচি |
|---|---|---|---|
| ০৫.০৪.২০২৩ বুধবার | সকাল ১১.৩০ ঘটিকা | ০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও এলপিও<br>০২। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা<br>০৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক<br>০৪। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা | ১। বাংলাদেশ ব্যাংক পরিদর্শন, বাণিজ্যিক নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিরীক্ষা সংশ্লিষ্ট আপত্তিসমূহের নিষ্পত্তি ত্বরান্বিতকরণ বিষয়ক পর্যালোচনা;<br>২। অডিট-আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ এবং অধিক সংখ্যক ত্রিপক্ষীয় সভার আয়োজন;<br>৩। বাংলাদেশ ব্যাংক পরিদর্শন, বাণিজ্যিক নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিরীক্ষা সংক্রান্ত বিষয়ে APA এর লক্ষ্যমাত্রা অর্জন;<br>৪। বিবিধ। |

০৬। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত তারিখ ও সময়ে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠিতব্য উক্ত পর্যালোচনা সভায় নিজ নিজ কার্যালয় হতে বাংলাদেশ ব্যাংক পরিদর্শন, বাণিজ্যিক নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পর্কিত হালনাগাদ তথ্যসহ সংযুক্ত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আইডি : 91637403639
পাসকোড : **bkb123**

অনুমোদনক্রমে-

আপনাদের বিশ্বস্ত

(মোঃ গাজিউর রহমান)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/পবি/বাঃব্যাঃ(বিবিধ-১)/২০২২-২০২৩/৬৯২৫(০৭) তারিখঃ ০৩.০৪.২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, মহাবিভাগ মহোদয়ের দপ্তর (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। অধ্যক্ষ, বাংলাদেশ কৃষি ব্যাংক স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৬। সচিব/সকল উপমহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। তাদেরকে নিজ নিজ বিভাগ হতে সভায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। উপমহাব্যবস্থাপক, আইসিটি (অপারেশন) বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। নির্ধারিত তারিখ ও সময়ে Zoom Webinar আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৯। অফিস নথি।

০৩/০৪/২০২৩

এ.কে.এম. জাহিদুল ইসলাম
সহকারী মহাব্যবস্থাপক